

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ ও কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয় বৃদ্ধি।

১.২ অভিলক্ষ্য (Mission)

সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে গুনগত মানের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা
৩. মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ এবং
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. বিল নার্সারি স্থাপন;
২. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
৩. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা;
৪. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি/উদ্বুদ্ধকরণ;
৫. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ;
৬. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ;
৭. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা;
৯. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
১০. হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন;
১১. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
১৩. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান;
১৪. মৎস্য বিষয়ক কারিগরি শিক্ষা বাস্তবায়ন; এবং
১৫. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি